

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৭৮

আগরতলা, ২৮ ডিসেম্বর, ২০২৩

কেমতলীতে ১ জানুয়ারি থেকে অদ্বৈত মল্লবর্মণ উৎসব

সোনায়েমুড়ার কেমতলীস্থিত অদ্বৈত মল্লবর্মণ স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে আগামী ১ জানুয়ারি থেকে শুরু হবে অদ্বৈত মল্লবর্মণ উৎসব-২০২৪। তিনদিন ব্যাপী এই উৎসবের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তপশিলিজাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস (দত্ত), ত্রিপুরা তপশিলিজাতি সমবায় উন্নয়ন নিগমের চেয়ারম্যান তথা বিধায়ক পিনাকী দাস চৌধুরী, তপশিলিজাতি কল্যাণ দপ্তরের প্রধান সচিব বি এস মিশ্র, সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, পুলিশ সুপার বি জে রেড্ডি, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান জহরলাল ঘোষ, বিশিষ্ট সমাজসেবী দেবব্রত ভট্টাচার্য। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিধায়ক কিশোর বর্মণ। ১ জানুয়ারি উদ্বোধনী অনুষ্ঠান শুরু হবে বিকাল ২টায়।

অদ্বৈত মল্লবর্মণ উৎসব উপলক্ষে ৩ জানুয়ারি পর্যন্ত তিনদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এর মধ্যে রয়েছে অদ্বৈত মল্লবর্মণের জীবনী বিষয়ে বক্তৃতা প্রতিযোগিতা, বসে আঁকো প্রতিযোগিতা, আলোচনা সভা, কুইজ প্রতিযোগিতা প্রভৃতি। প্রতিদিন সন্ধ্যায় আয়োজন করা হয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও। অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মবার্ষিকী উপলক্ষে তপশিলিজাতি কল্যাণ দপ্তর এই অনুষ্ঠানের আয়োজন করেছে।
